

“ আদেশ ”

অত্র দপ্তরের স্মারক নং-পশা/খুল/শা-২/পদোন্নতি ও টাইম স্কেল/২০১৫/৫৫১/১(৫), তারিখ-০৭/৪/২০১৫ ইং মোতাবেক (কথিত আদেশ নং) (চলতি দায়িত্বে)/(নিজ বেতনে) ও (তিন) জন কর্মচারীকে তাহাদের চাকুরী নিয়মিতকরণ করা হয়। পরিচালক-এর স্বাক্ষর এবং স্বাক্ষরের নীচের অনুস্বাক্ষর অবলোকন করিয়া “সন্দেহের উদ্রেক হওয়ায়” বিষয়টি সম্পর্কে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অত্র দপ্তরের স্মারক নং-পশা/খুল/শা-২/২০১৫/১৩৫০, তারিখ-২৮/৯/২০১৫ ইং মোতাবেক মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর প্রেরণ করা হয়।

স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/শৃঙ্খলা-১৭৪/১৫/৪৯৭২, তারিখ-০৭/১০/২০১৫ এবং স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রশা/এডি প্রশাসন/তদন্ত/২০১৫/৫৩০৩, তারিখ-২৬/১০/২০১৫ ইং মোতাবেক বিষয়টি তদন্তের নিমিত্তে সহকারী পরিচালক (প্রশাসন-১), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ-এর প্রেক্ষিতে উক্ত তদন্ত কর্মকর্তা গত ১০/১১/২০১৫ ইং তারিখে সরে-জমিনে অত্র দপ্তরে উপস্থিত হইয়া তদন্ত কার্য সম্পাদন করেন এবং স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/এডি প্রশাসন/তদন্ত/২০১৫/৬৭৩৯, তারিখ-২৭/১২/২০১৫ ইং মোতাবেক সহকারী পরিচালক(শৃঙ্খলা-১)-এর দৃষ্টি আকর্ষণে পরিচালক(প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং স্বাস্থ্য অধিদপ্তর-এর স্মারক নং-স্বাঃ অধিঃ/শৃঙ্খলা-১৭৪/২০১৫/১০৯৩, তারিখ-০১/৩/২০১৬ ইং মোতাবেক মিন্স্বাক্ষরকারীর দপ্তরে পত্র প্রেরণ করা হয় এবং অত্র দপ্তরের স্মারক নং-পঃস্বাঃ/খুল/শা-২/পদোন্নতি ও টাইম স্কেল/২০১৫/৫৫১, তারিখ-০৭/৪/২০১৫ ইং মোতাবেক জারীকৃত অফিস আদেশটি এতদ্বারা বাতিল করতঃ সংশ্লিষ্ট অভিযোগের সাথে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। সেই প্রেক্ষিতে অত্র দপ্তরের স্মারক নং-পশা/খুল/শা-২/২০১৬/৩৭৯/১(৭), তারিখ-১৩/৩/২০১৬ ইং মোতাবেক উক্ত ৩(তিন) জন কর্মচারীকে নিয়মিতকরণ-এর আদেশটি বাতিল করা হয় এবং উক্ত ০৩(তিন) জন কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা রঞ্জু করা হয়।

অত্র দপ্তরের স্মারক নং-৫২১, ৫২২, এবং ৫২৩, তারিখ-১৭/৪/২০১৬ ইং মোতাবেক শৃঙ্খলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক “অসদাচরণ” হিসাবে গণ্য করিয়া তাহাদিগকে কারণ দর্শনো নোটিশ জারী করা হয় এবং অভিযোগনামা গঠন পূর্বক প্রেরণ করা হয় এবং একই সংগে তাহারা কোন ব্যক্তিগত শুনানী চান কি না, তাহাও জানাইবার জন্য নির্দেশ প্রদান করা হয়। সিভিল সার্জন, ঝিনাইদহ এর স্মারক নং-সিএসবি/শা-১/২০১৬/৯৪৮, তারিখ-২৭/৪/২০১৬ ইং মোতাবেক তাহারা জবাব প্রদান এবং ব্যক্তিগত শুনানীতে অংশ গ্রহণের জন্য ইচ্ছা প্রকাশ করেন। উক্ত ০৩(তিন) জন কর্মচারীর প্রেরিত জবাব সন্তোষজনক না হওয়ায় পরবর্তীতে গত ২৭/৭/২০১৬ ইং তারিখে তাহারা ব্যক্তিগত শুনানীতে অংশ নিয়া লিখিত প্রশ্নের যে জবাবে প্রদান করিয়াছেন, তাহা মোটেও গ্রহণযোগ্য নয়। কারণ তাহারা নিজেদের দায় এড়ানোর চেষ্টা করতঃ অন্যের উপর দায় চাপানোর চেষ্টা করিয়াছেন, যাহা গ্রহণযোগ্য নয়। বিধায় সরকারী কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধি ১৯৮৫ এর ৪(৫) এর (সি) মোতাবেক নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ পূর্বক তাহাদের বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলাটির নিষ্পত্তি করা হইল।

ক্রমিক নং	কর্মচারীর নাম, পদবী ও বর্তমান কর্মস্থল	গৃহিত ব্যবস্থা	পদায়নকৃত পদ ও প্রতিষ্ঠানের বিবরণ
১	২	৩	৪
১.	মোঃ লুৎফর রহমান, প্রধান সহকারী-কাম- হিসাব রক্ষক (চঃদাঃ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশপুর, ঝিনাইদহ।	তাহার বর্তমান পদবী থেকে নিম্ন পদে অফিস সহকারী-কাম-কম্পিউটারমুদ্রাক্ষরিক” পদে পদায়নের আদেশ প্রদান করা হইল।	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সদর হাসপাতাল, মেহেরপুর-এর শূন্য পদে পদায়ন পূর্বক বহাল করা হইল।
২.	এ.এস.এম, ফারুক আহমদ, সহকারী স্বাস্থ্য পরিদর্শক (চঃদাঃ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশপুর, ঝিনাইদহ।	তাহার বর্তমান পদবী থেকে নিম্ন পদে “স্বাস্থ্য সহকারী” পদে পদায়নের আদেশ প্রদান করা হইল।	স্বাস্থ্য সহকারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশপুর, ঝিনাইদহ-এর শূন্য পদে পদায়ন পূর্বক বহাল করা হইল।
৩.	মোছাঃ রহিমা খাতুন, অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক (নিজ বেতনে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশপুর, ঝিনাইদহ।	তাহার বর্তমান পদবী থেকে নিম্ন পদে “অফিস সহায়ক” পদে পদায়নের আদেশ প্রদান করা হইল।	অফিস সহায়ক, মান্দারবাড়িয়া উপ-স্বাস্থ্য কেন্দ্র, মহেশপুর, ঝিনাইদহ-এর শূন্য পদে পদায়ন পূর্বক বহাল করা হইল।

এই আদেশ সংশ্লিষ্ট কর্মচারীদের চাকুরী বহিতে অবশ্যই লিপিবদ্ধ করিতে হইবে।

স্বাঃ

(ডাঃ মোঃ মাসুম আলী)  
পরিচালক(স্বাস্থ্য),  
খুলনা বিভাগ, খুলনা।

তারিখঃ- ২৮ /৯/২০১৬ ইং।

স্মারক নং-পশা/খুল/শা-২/২০১৬/ ২৩৭০(৭)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ (দৃষ্টি আকর্ষণ-পরিচালক, প্রশাসন)।
২. সিভিল সার্জন, ঝিনাইদহ/ মেহেরপুর।
৩. তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, মেহেরপুর।
৪. উপজেলা স্বাস্থ্য ও পঃ স্বঃ কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ।
৫. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মেহেরপুর।
৬. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ।
৭. জনাব/জনাবা. ....
৮. নথি, অত্র দপ্তর।

স্বাঃ  
(ডাঃ এবিএম গোলাম সারোয়ার ফারুক)  
সহকারী পরিচালক(প্রশাসন)  
পরিচালক(স্বাস্থ্য)-এর দপ্তর,  
খুলনা বিভাগ, খুলনা।  
২৭/৯/১৬